

শিক্ষার্থীদের দাবি মেনে নিলেন বেরোবি উপাচার্য, অবরোধ প্রত্যাহার

নিজস্ব প্রতিবেদক, রংপুর

০৬ নভেম্বর ২০১৯, ২০:০২

আপডেট: ০৬ নভেম্বর ২০১৯, ২০:০৫



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দাবি মেনে নেওয়ায় অবরোধ কর্মসূচি প্রত্যাহার। পার্ক মোড়, রংপুর। ছবি: মঈনুল ইসলাম

শিক্ষার্থীদের তিন দফা দাবি মেনে নিয়েছেন রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের

(বেরোবি) উপাচার্য নাজমুল আহসান কলিমউল্লাহ। আজ বুধবার বিকেল সাড়ে চারটায় পার্ক মোড়ে শিক্ষার্থীদের অবরোধ কর্মসূচি চলাকালে সেখানে যান উপাচার্য। তিনি দাবি মেনে নেওয়ার ঘোষণা দিলে আন্দোলনরত

শিক্ষার্থীরা অবরোধ কর্মসূচি প্রত্যাহার করে নেন।

এর আগে দুপুর সাড়ে ১২টা থেকে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করেন। পরে তাঁরা বিক্ষোভ করেন প্রশাসনিক ভবনের প্রধান ফটকের সামনে। বেলা একটা থেকে শিক্ষার্থীরা রংপুর-কুড়িগ্রাম-লালমনিরহাট মহাসড়কের পার্ক মোড় স্থানে সমবেত হয়ে অবরোধ কর্মসূচি পালন শুরু করেন। এতে দূরপাল্লার গাড়িসহ সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। রাস্তার দুই দিকে শত শত যানবাহন আটকা পড়ে। এ সময় মাইকে দাবির পক্ষে বক্তৃতা করেন মামুন শাকিল, জাকারিয়া জাকির, পাভেল আহমেদ, দেলোয়ার হোসেনসহ বেশ কিছু আন্দোলনকারী শিক্ষার্থী।

পরে বিকেল সাড়ে চারটায় উপাচার্য নাজমুল আহসান কলিমউল্লাহ ঘটনাস্থলে উপস্থিত হয়ে শিক্ষার্থীদের দাবি মেনে নিলে অবরোধ কর্মসূচি প্রত্যাহার করা হয়। দাবিগুলো ছিল প্রথম বর্ষে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের হলে অবস্থান, সাধারণ শিক্ষার্থীদের হয়রানি না করা ও বিতর্কিত শিক্ষক-কর্মকর্তাদের পরীক্ষার সঙ্গে জড়িত না রাখা।

বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির দায়িত্বে থাকা উপপরিদর্শক (এসআই) মহিবুল ইসলাম বলেন, সাধারণ শিক্ষার্থীদের ক্যাম্পাসে বিক্ষোভ করে মহাসড়ক অবরোধ কর্মসূচি চলাকালে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

এদিকে ১০ থেকে ১৩ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই ভর্তি পরীক্ষায় মোট ১ হাজার ৩১৫টি আসনের বিপরীতে ৭৭ হাজার ৭২৪ জন শিক্ষার্থী আবেদন করেছেন।